# BENGALI

## PAPER—II

## ( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

## QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI.

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা ১২০) 10×5=50

*(a)* চন্দন-তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিখর আগি
চিন্তামণি যব নিজগুণ ছোড়ব
কি মোর করম অভাগি

*(b)* প্রভঞ্জনবৈরী তুমি ; প্রভঞ্জন সম
ভীম পরাক্রমে। কহ, এ নিগড় তবে
পর তুমি কোন্ পাপে? অধম
ভালুকে শৃঙ্খলিয়া যাদুকর খেলে তারে লয়ে
কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে
বীতংসে?

*(c)* দেবতারে যাহা দিতে পারি দিই তাই
প্রিয়জনে—প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে।

*(d)* মনুষ্যে মনুষ্যে সমান। কিন্তু একথার এমত উদ্দেশ্য নহে, যে সকল অবস্থার সকল মনুষ্যই, সকল অবস্থার সকল মনুষ্যের সমান। নৈসর্গিক তারতম্য আছে।

*(e)* ধীরে ধীরে কত সহস্র গ্রাম, নদী, প্রান্তর, পর্বত, সাগর, নগর, বনের উপর দিয়ে যুগযুগান্তর কাল সমস্ত গোল পৃথিবীটি একাকিনী স্তম্ভিত অশ্রুপূর্ণ ম্লান দৃষ্টিতে মৌনমুখে, শ্রান্তপদে প্রদক্ষিণ করে আসছে।

**2.** *(a)* "বিদ্যাপতি সুখের কবি, চণ্ডীদাস দুঃখের কবি। বিদ্যাপতি বিরহে কাতর হইয়া পড়েন, চণ্ডীদাসের মিলনেও সুখ নাই।" বিদ্যাপতি ও চণ্ডীদাসের রচিত পদের তুলনামূলক আলোচনা করে মন্তব্যের যাথার্থ্য বিচার করুন। 25

*(b)* 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলার নবম পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্যদেবের দাক্ষিণাত্য ভ্রমণের বিবরণ দিন। 25

**3.** *(a)* 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ না ইন্দ্রজিৎ? তথ্য এবং যুক্তিসহ আপনার মতামত দিন। 25

*(b)* মুরারি শীল ও ভাঁড়ু দত্ত চরিত্র দুটি অবলম্বনে কবিকঙ্কণ মুকুন্দের চরিত্রাঙ্কনে নৈপুণ্যের পরিচয় দিন। 25

**4.** *(a)* "কোনো কোনো সমালোচক 'কপালকুণ্ডলা'-কে কাব্যধর্মী রোমান্স বলেছেন।" প্রাসঙ্গিক তথ্য দিয়ে এই মন্তব্য সমর্থন বা খণ্ডন করুন। 25

*(b)* 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে জমিদারি প্রথা সম্পর্কে বঙ্কিমচন্দ্রের মতামত ব্যক্ত করুন। 25

## SECTION—B

**5.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা ১২০) 10×5=50

*(a)* বীর আমার নীলকণ্ঠ পাখির পালক এই পরিয়ে দিলুম তোমার চূড়ায়। তোমার জয়যাত্রা আজ হতে শুরু হয়েছে।

*(b)* মানুষের চিত্ত নিয়ে সারাবেলা
মহাকাল করিতেছে দ্যূতখেলা
বাঁ হাতে দক্ষিণ হাতে যেন—
কিন্তু কেন?

*(c)* সরস্বতীকে কিণ্ডার গার্টেনের শিক্ষয়িত্রীতে পরিণত করবার জন্য শিক্ষা বাতিকগ্রস্ত হওয়া দরকার, আমি আজো ততদূর হতে পারিনি।

*(d)* সুচেতনা, এই পথে আলো জ্বেলে—এপথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে;
সে অনেক শতাব্দীর মনীষীর কাজ
এ-বাতাস কি পরম সূর্যোকরোজ্জ্বল
প্রায় ততদূর ভালো মানবসমাজ।

*(e)* আছে মুহ্যমান শোকের নিষ্ক্রিয়তা। আছে একটি রাষ্ট্রীয় পরিবারের একজন ছাড়া অপর সকলের প্রতি অপরিসীম সহানুভূতি—আছে সুপ্ত দেশাত্মবোধের ধিক্কার।

**6.** *(a)* রবীন্দ্রনাথ বলেছেন "রামায়ণের গল্পের ধারার সঙ্গে 'রক্তকরবী'-র একটা মিল আছে।" এ বিষয়ে আপনার বক্তব্য যুক্তিসহ লিখুন। 25

*(b)* 'বঙ্গ সাহিত্যের নবযুগ' প্রবন্ধটি অবলম্বনে তৎকালীন বাংলা সাহিত্য সম্বন্ধে প্রমথ চৌধুরীর বক্তব্য লিখুন এবং তার যাথার্থ্য বিচার করুন। 25

**7.** *(a)* আপনার পঠিত গল্পগুলি অবলম্বনে মাণিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য-জীবনের প্রথম দিকে রচিত গল্পের সঙ্গে দ্বিতীয় যুদ্ধোত্তরকালীন গল্পের তুলনামূলক আলোচনা করুন। 25

*(b)* জনৈক সমালোচক 'এবং ইন্দ্রজিৎ'-কে একটি প্রথাবহির্ভূত বা প্রথাভঙ্গকারী আধুনিক প্রকরণের নাটক বলেছেন। আপনি কি এই মূল্যায়ন সমর্থন করেন? যুক্তিসহ আপনার বক্তব্য উপস্থিত করুন। 25

**8.** *(a)* জীবনানন্দের কবিতায় ইন্দ্রিয়ঘনত্ব এবং চিত্রধর্মিতা আলোচনা করুন। 25

*(b)* 'জাগরী' উপন্যাসের চারজন কথকের মধ্যে একজন চলিত ভাষায় স্মৃতি-রোমন্থন করেছেন। তিনি কে? উপন্যাসের মূল ভাববস্তু পরিস্ফুটনে এই পদ্ধতি কতখানি সাহায্য করেছে বলে আপনি মনে করেন? 25

★★★

CS (Main) Exam : 2014

# BENGALI

## Paper II

## ( LITERATURE )

Time allowed : **Three Hours**

Maximum Marks : **250**

---

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Questions no. **1** and **5** are compulsory and out of the remaining, **THREE** are to be attempted choosing at least **ONE** from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

---

## SECTION A

**Q1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) *10×5=50*

(a) বঁধুর পিরীতি আরতি দেখিয়া
মোর মনে হেন করে ।
কলঙ্কের ডালি মাথায় করিয়া
আনল ভেজাই ঘরে ।।
আপনার দুখ সুখ করি মানে
আমার দুখের দুখী । *10*

(b) মোর মুখে বক্তা তুমি, তুমি হও শ্রোতা
অত্যন্ত রহস্য শুন সাধনের কথা ।।
রাধাকৃষ্ণের লীলা এই ভগতি গূঢ়তর ।
দাস্য-বাৎসল্যাদিভাবের নাহয় গোচর ।। *10*

(c) তিনি মহিমাময় লোকহিতকর নৈতিক সত্যের সহিত অনিষ্টকারক মিথ্যা মিশাইয়া, সেই মিশ্র পদার্থকে আপনার অদ্ভুত বাগিস্ত্রজালের গুণে লোকবিমোহিনী শক্তি দিয়া ফরাসীদিগের হৃদয়াধিকারে প্রেরণ করিয়াছিলেন । ... তাঁহার প্রেরিত সৎকথানুসারিণী ভ্রান্তিও ফরাসীদিগের জীবনযাত্রার একমাত্র বীজমন্ত্র বলিয়া গৃহীত হইল । সকল ফরাসী তাঁহার মানসশিষ্য হইল । তাহারা সেই শিক্ষার গুণে ফরাসী বিপ্লব উপস্থিত করিল । *10*

(d) আমার পৃথিবী তুমি
বহু বরষের । তোমার মৃত্তিকা-সনে
আমারে মিশায়ে লয়ে অনন্ত গগনে
অশ্রান্ত চরণে করিয়াছ প্রদক্ষিণ
সবিতৃমণ্ডল অসংখ্য রজনী দিন
যুগযুগান্তর ধরি; আমার মাঝারে
উঠিয়াছে তৃণ তব, পুষ্প ভারে ভারে
ফুটিয়াছে, বর্ষণ করেছে তরুরাজি
পত্রফুলফল গন্ধরেণু । *10*

(e) অভ্রভেদী চূড়া যদি যায় গুঁড়া হয়ে
বজ্রাঘাতে, কভু নহে ভূধর অধীর
সে পীড়নে । বিশেষতঃ এ ভবমণ্ডল
মায়াময়; বৃথা এর দুঃখ, সুখ যত ।
মোহের ছলনে ভুলে অজ্ঞান যে জন । 10

**Q2.** (a) 'দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা' – আধুনিক কবির এই মন্তব্য বৈষ্ণবপদাবলীর বিশ্লেষণ কীভাবে সহায়তা করে ? 15

(b) আধুনিক কবির এই দৃষ্টিভঙ্গির সঙ্গে বৈষ্ণব মহাজন পদকর্তাদের পার্থক্য কোথায় তা কবির মানসভঙ্গি গঠনের কথা মাথায় রেখে আলোচনা করুন । 15

(c) ব্যাধ, বীর, রাজা ও ভদ্র বাঙালি এই চতুর্বিধ জীবন-সংস্কারের একত্র সামঞ্জস্যের অভাবে মুকুন্দের 'চন্ডীমঙ্গল' কাব্যের কালকেতু-চরিত্রটির সংহতি নষ্ট হয়েছে । এই মন্তব্যের যৌক্তিকতা যথোচিতভাবে পরীক্ষা করুন । 20

**Q3.** (a) 'কপালকুন্ডলা' উপন্যাসকে যুগপৎ 'রোমান্স' ও 'নভেল' বলা যায় কিনা, উভয়ের সংজ্ঞা নির্দেশ করে বুঝিয়ে দিন । 15

(b) 'কপালকুন্ডলার' পরিণতি অংশের যে বদল বঙ্কিমচন্দ্র করেছিলেন তার কারণ নির্দেশ করুন । 15

(c) 'সোনার তরী' কাব্যের অধিকাংশ কবিতায় যে প্রধান সুরটি ধ্বনিত হয়েছে তারই সংহত প্রকাশ ঘটে তার সনেটগুলিতে ।' আলোচনা করুন । 20

**Q4.** (a) 'ছিন্নপত্রাবলী'তৈ নিসর্গের যে অপূর্ব বর্ণনা রয়েছে কয়েকটি দৃষ্টান্তসহ তার সাফল্য বিশ্লেষণ করুন । 15

(b) পত্রসাহিত্যের ধারায় 'ছিন্নপত্রাবলী'র স্থান নির্ণয় করুন । 15

(c) 'মেঘনাদবধ কাব্য' – এ নারীচরিত্র সৃষ্টিতে পৌরাণিক আদর্শ এবং নতুন কালের নারীচেতনা এই উভয়ের মধ্যে মধুসূদন কি কোনো সামঞ্জস্য সাধন করতে চেয়েছেন ? কয়েকটি প্রতিনিধিমূলক নারীচরিত্র আলোচনা করে বিষয়টি নির্ণয় করুন । 20

## SECTION B

**Q5.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) *10×5=50*

(a) সেই অপরাহ্নের ছায়ার পাহাড়ের উপরে সে বিশাল তরুতলে দাঁড়াইয়া যেন সর্বব্যাপী শাশ্বত কালের পিছন দিকে বহুদূরে অন্য এক অভিজ্ঞতার জগৎ দেখিতে পাইলাম – পৌরাণিক ও বৈদিক যুগও যার তুলনায় বর্তমানের পর্যায়ে পড়িয়া যায় । *10*

(b) তাহার স্থান রাজনীতি ক্ষেত্রের বাহিরে । রাজনীতি ক্ষেত্রে, আমি নীলু, আর সে দাদা নয় । এখানে যে ব্যক্তিগত প্রশ্ন ছাড়িয়া, যুক্তির কষ্টিপাথরে প্রত্যেক কার্যপদ্ধতি যাচাই করিতে হইবে, আমার পার্টির দৃষ্টিকোণ দিয়া সকল ধর্মবিচার করিতে হইবে; .... পৃথিবী আমার সম্বন্ধে যাহা ইচ্ছা ভাবুক, দাদা আমার মনোভাব ঠিক বুঝিবে; সেখানে যে সংকীর্ণতার লেশমাত্র নাই । *10*

(c) নিরর্থ হাহাকারে
দিয়ো না দিয়ো না অভিশাপ বিধাতারে ।
পাপের এ সঞ্চয়
সর্বনাশের পাগলের হাতে আগে হয়ে যাক ক্ষয় ।
বিষম দুঃখে ব্রণের পিণ্ড
বিদীর্ণ হয়ে, তার
কলুষপুঞ্জ করে দিক উদ্গার ।
ধরার বক্ষ চিরিয়া চলুক বিজ্ঞানী হাড়গিলা
রক্তসিক্ত লুব্ধ নখর
একদিন হবে ঢিলা । *10*

(d) মেঘের ওপাশে যতো সোনামোড়া রাজ্যপাট আছে,
আকাশে তারার কাছে যতো স্বর্গ ভাসে,
এ প্রবাসে সবই মিথ্যে হোলো ।
জোলো সান্ত্বনার বুলি ছেড়ে দাও
কেড়ে নাও বিশ্বাসের অন্ধ ঠুলি,
ডুবে দেখো কতোখানি গেলে মেলে তল ।
মানুষ সচল ।
মানুষ আশ্চর্যতম প্রাণী;
ডুবো পাথরের ভিতে পাতালে সে পাতে রাজধানী । 10

(e) ইতিহাস অর্ধসত্যে কামাচ্ছন্ন এখনো কালের কিনারায়; তবুও মানুষ এই জীবনকে ভালোবাসে; মানুষের মন জানে জীবনের মানে : সকলের ভালো ক'রে জীবনযাপন । কিন্তু সেই শুভ রাষ্ট্র ঢের দূরে আজ ।
চারিদিকে বিকলাঙ্গ অন্ধ ভিড় – অলীক প্রয়াণ । 10

**Q6.** (a) এই যে 'হাওয়া বদল' থেকে 'সৃষ্টিবদল' রবীন্দ্রকাব্যে বারে বারে ঘটে চলে, 'নবজাতক' কাব্যগ্রন্থে তার প্রকাশ কীভাবে ঘটেছে দেখান । 20

(b) বাইরে থেকে 'মন ভোলাবার' চাইতে ভিতরের দিকের 'মননজাত অভিজ্ঞতাই' 'নবজাতক' কাব্যের মূল প্রেরণা – কবিকথিত মন্তব্যটির ব্যাখ্যা করুন । 15

(c) 'জীবনানন্দের কবিতায় প্রেম ও বিষাদ যেন পরস্পরের প্রতিশব্দ ।' পঠিত কবিতাগুলি থেকে প্রকৃষ্ট দৃষ্টান্ত দিয়ে বিষয়টি পরিস্ফুট করুন । 15

**Q7.** (a) 'রক্তকরবী' নাটক প্রসঙ্গে স্রষ্টা স্বয়ং অনেক মন্তব্য করেছেন । সৃষ্টি সম্পর্কে স্রষ্টার মন্তব্য কতোটা গ্রহণযোগ্য ? 20

(b) নন্দিনীকে 'মানবী' বলার কারণ বুঝিয়ে দিন । 15

(c) 'গৃহদাহ' উপন্যাসের ভয়াবহ ট্র্যাজিক পরিণতির জন্য মূলতঃ দায়ী কে ? এ সম্পর্কে আপনার যুক্তি-সমর্থিত অভিমত প্রকাশ করুন । 15

**Q8.** (a) জীবনযৌবন ধনমান-এর প্রতি গভীর অবসাদ ও বিষন্নতার শেষে 'এবং ইন্দ্রজিৎ' নাটকে এক গভীর জীবনবোধ-ও দেখতে পাওয়া যায় । অবসাদ, বিষন্নতা, জীবনবোধ নাটক অনুসরণে এগুলির পরিচয় দিন । *20*

(b) উদ্ভট নাটকের শৈলী ও জীবনদর্শনের নিরিখে 'এক, ইন্দ্রজিৎ'-কে উদ্ভট নাটক বলা যথাযথ কিনা দেখান । *15*

(c) পাঠ্যান্তর্গত মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পগুলি থেকে উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে তাঁর গল্পে কালানুযায়ী দৃষ্টিভঙ্গি পরিবর্তনের চিত্র তুলে ধরুন । *15*

CS (Main) Exam:2015



# BENGALI

## PAPER—II

## ( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
| --- | --- |

## QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়ামুখচন্দা।
জীবন যৌবন সফল করি মানলুঁ
দশদিশ ভেল নিরদ্বন্দা॥
আজু মঝু গেহ গেহ করি মানলুঁ
আজু মঝু দেহ ভেল দেহা।
আজু বিহি মোরে অনুকূল হোয়ল
টুটল সকল সন্দেহা॥

*(b)* প্রেমফল পাকি পড়ে মালী আস্বাদয়।
লতা অবলম্বি মালী কল্পবৃক্ষ পায়॥
তাঁহা সেই কল্পবৃক্ষের করয়ে সেবন।
সুখে প্রেমফলরস করে আস্বাদন॥
এইমত পরমফল পরম পুরুষার্থ।
যার আগে তৃণতুল্য চারি পুরুষার্থ॥

*(c)* কপালকুণ্ডলা আবার চিন্তা করিতে লাগিলেন। পৃথিবীর সর্বত্র মানসলোচনে দেখিলেন—কোথাও কাহাকে দেখিতে পাইলেন না। অন্তঃকরণ মধ্যে দৃষ্টি করিয়া দেখিলেন—তথায় ত নবকুমারকে দেখিতে পাইলেন না, তবে কেন লুৎফ-উন্নিসার সুখের পথ রোধ করিবেন? লুৎফ-উন্নিসাকে কহিলেন, তুমি আমার উপকার করিয়াছ কিনা তাহা আমি এখনও বুঝিতে পারিতেছি না। অট্টালিকা, ধন, সম্পত্তি, দাস-দাসীরও প্রয়োজন নাই। আমি তোমার সুখের পথ কেন রোধ করিব?

*(d)* টানিয়া রেখেছে এক বিষাদ কুয়াশা
বিশ্বময়। আজি যেন পড়িছে নয়নে,
দুখানি অবোধ বাহু বিফল বাঁধনে
জড়ায়ে পড়িয়া আছে নিখিলেরে ঘিরে
স্তব্ধ সকাতর। চঞ্চল স্রোতের নীরে
পড়ে আছে একখানি অচঞ্চল ছায়া—
অশ্রু বৃষ্টিভরা কোন্ মেঘের সে মায়া।

*(e)* পৃথিবীতে অনেক কাজ আছে যার দূষণীয়তা মানুষের স্বহস্তে গড়া, যার ভালোমন্দ—অভ্যাস, প্রথা, দেশাচার, লোকাচার সমাজনিয়মের উপর নির্ভর করে। কিন্তু নিষ্ঠুরতা সেরকম নয়, এটা একেবারে আদিম দোষ; এর মধ্যে কোনো তর্ক নেই, কোনো দ্বিধা নেই; হৃদয় যদি আমাদের অসাড় না হয়, হৃদয়কে যদি চোখ বেঁধে অন্ধ করে না রেখে দিই, তাহলে নিষ্ঠুরতার বিরুদ্ধে নিষেধ একেবারে স্পষ্ট শুনতে পাই। অথচ ওটা আমরা হেসে-খেলে সকলে মিলে খুব অনায়াসে আনন্দ-সহকারে করে থাকি, এমন-কি যে না করে তাকে কিছু অদ্ভুত বলে মনে হয়। পাপ-পুণ্য সম্বন্ধে মানুষের এমনি একটা কৃত্রিম অপূর্ব ধারণা।

2. (a) শ্রীচৈতন্যের সুগভীর ভাবানুভূতির দ্বারা পদাবলী সাহিত্য কী পরিমাণে প্রভাবিত হয়েছিল তা প্রাক্‌চৈতন্য যুগের দুজন প্রতিনিধি-স্থানীয় কবির কয়েকটি পদের সঙ্গে চৈতন্যোত্তর দুজন বিশিষ্ট কবির কয়েকটি পদের তুলনা করে প্রতিপন্ন করুন। 18

(b) ''মুকুন্দের 'চণ্ডীমঙ্গল' কাব্যে করুণ রসের পাশাপাশি হাস্যরসের চমৎকার প্রয়োগের উদাহরণ কালকেতু আখ্যান।'' উদাহরণসহ অভিমতটির যৌক্তিকতা বিচার করুন। 16

(c) 'চৈতন্যচরিতামৃত' অনুসরণে রায় রামানন্দের সঙ্গে শ্রীচৈতন্যের সাধ্য-সাধনতত্ত্ব আলোচনা বিবৃত করুন। 16

3. (a) ''কবিকঙ্কণ তাঁর 'চণ্ডীমঙ্গল' কাব্যের কালকেতু-কাহিনিতে একই সঙ্গে সরল ও বক্র চরিত্র অঙ্কন করে অসাধারণ রচনাশক্তির পরিচয় দিয়েছেন।'' এই দুই শ্রেণীর প্রতিনিধি হিসাবে যে কোনো দুটি চরিত্রের লিপিচিত্র এঁকে এই মন্তব্যের ব্যাখ্যা করুন। 18

(b) কাহিনির আরম্ভ থেকে পরিণাম বিচার করলে 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কাকে বলা যাবে—রাবণকে না মেঘনাদকে, আলোচনা করুন। 16

(c) ''বন্ধন ও মুক্তির মধ্যে বারংবার আবর্তিত হইয়াও কপালকুণ্ডলা চরিত্রে কাঠিন্য সঞ্চারিত হয় নাই, কোমলা চিরন্তনী নারীই উত্তরোত্তর বিকশিত হইয়াছে।'' চরিত্রটির সামগ্রিক পর্যালোচনার দ্বারা বিষয়টি পরিস্ফুট করুন। 16

4. (a) ''শিক্ষাই সকল প্রকার সামাজিক অমঙ্গল নিবারণের উপায়।'' সামাজিক অসাম্য মোচনের জন্য শিক্ষার, বিশেষত স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে যে-সকল যুক্তি দেখিয়েছেন তা বিবৃত করে এক্ষেত্রে তাঁর অসামান্য দূরদর্শিতার মূল্যায়ন করুন। 18

(b) ''নিসর্গচেতনা থেকে একই সঙ্গে সৌন্দর্যস্পৃহা এবং বিশ্বাত্মবোধের বাসনা উপজাত হয়ে রবীন্দ্রনাথের 'সোনার তরী' কাব্যকে বিশিষ্টতা দান করেছে।'' এই কাব্যের 'সমুদ্রের প্রতি' ও 'বসুন্ধরা' কবিতা দুটির আলোকে বিষয়টি আলোচনা করুন। 16

(c) শিলাইদহ থেকে লেখা 'ছিন্নপত্রাবলী'-র একটি চিঠিতে রবীন্দ্রনাথ লিখেছেন, ''পৃথিবী যে কী আশ্চর্য সুন্দরী এবং কী প্রশস্ত প্রাণ এবং গভীরভাবে পরিপূর্ণ তা এইখানে না এলে মনে পড়ে না''। এই চিঠির কথা মনে রেখে শিলাইদহ-পর্বে রবীন্দ্র-মনে পৃথিবী-চেতনা কীভাবে বিকশিত হয়েছে তা আলোচনা করুন। 16

## SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) এ-সব কথা বুঝি নে বেয়াই—একটা কথা বুঝি যে, যে মেয়েকে তোমরা যত কম বোঝ সেই তোমাদের তত বেশি টানে। আমরা সাদাসিধে, আমাদের দর কম, তবু যা হোক তোমাদের সোজা পথে নিয়ে চলি। কিন্তু আজ বলে রাখলুম, ওই মেয়েটা ওর রক্তকরবীর মালার ফাঁসে তোমাকে সর্বনাশের পথে টেনে আনবে।

(b) নামহীন যে অচেনা বার বার পার হয়ে যায়
অগোচরে যারা সবে রয়েছে সেথায়,
তারি যেন বহে নিশ্বাস,
সন্দেহের আড়ালেতে মুখ-ঢাকা জাগে বিশ্বাস।
গাড়ি চলে,
নিমেষ বিরাম নাই আকাশের তলে।
ঘুমের ভিতরে থাকে অচেতনে
কোন্ দূর প্রভাতের প্রত্যাশা নিদ্রিত মনে।

(c) ব্রাহ্মদের ঘৃণা করি কি না সে জবাব ব্রাহ্মদের দেব, কিন্তু আপনি আমার কাছে তাদের অনেক, অনেক উপরে—তাহার উন্মাদ ভঙ্গীতে অচলা কাঠ হইয়া উঠিল। কোনমতে প্রসঙ্গটা চাপা দিবার জন্য সভয়ে কহিতে গেল, বেয়ারাটা—

কিন্তু সে অস্ফুট মৃদুস্বর সুরেশের উত্তপ্ত উচ্চকণ্ঠে ঢাকা পড়িয়া গেল। সে অমনি তীব্রস্বরে কহিতে লাগিল, দুটো দিনের পরিচয়! তা বটে! কিন্তু জানো অচলা, দিন, ঘন্টা, মিনিট দিয়ে মহিমকে মাপা যায়—কিন্তু সুরেশকে যায় না। সে স্থান-কালের অতীত।

(d) মানুষে কি চায়—উন্নতি না আনন্দ? উন্নতি করিয়া কি হইবে যদি তাহাতে আনন্দ না থাকে? আমি এমন কত লোকের কথা জানি, যাহারা জীবনে উন্নতি করিয়াছে বটে, কিন্তু আনন্দকে হারাইয়াছে। অতিরিক্ত ভোগে মনোবৃত্তির ধার ক্ষইয়া ক্ষইয়া ভোঁতা—এখন আর কিছুতেই তেমন আনন্দ পায় না, জীবন তাহাদের নিকট একঘেয়ে, একরঙা, অর্থহীন। মন শান-বাঁধানো—রস ঢুকিতে পায় না।

(e) মাটি-পৃথিবীর টানে মানবজন্মের ঘরে কখন এসেছি,
না এলেই ভালো হ'তো অনুভব ক'রে;
এসে যে গভীরতর লাভ হ'লো সে-সব বুঝেছি
শিশির শরীর ছুঁয়ে সমুজ্জ্বল ভোরে;
দেখেছি যা হ'লো হবে মানুষের যা হবার নয়—
শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত সূর্যোদয়।

**6.** (a) 'রক্তকরবী' নাটকে নন্দিনীর আভরণস্বরূপ প্রিয় রক্তকরবী ফুলটি কেমন করে অন্যান্য চরিত্রের কাছে গভীর কোনো সংকেত বহন করে এনেছে তার সবিস্তার আলোচনা করুন। 18

(b) 'নবজাতক' কাব্যের একাধিক কবিতায় সমসাময়িক বিশ্ব-রাজনীতির কয়েকটি ঘটনা সম্পর্কে রবীন্দ্রনাথ তাঁর স্বকীয় যে প্রতিক্রিয়া জানিয়েছেন তার যৌক্তিকতা নির্ণয় করুন। 16

(c) " 'গৃহদাহ' উপন্যাসে সুরেশ অনেকটা অস্বাভাবিক এবং অবাস্তব হওয়ায় খলচরিত্র (villain) হিসাবে সম্পূর্ণ সার্থক হয় নি।" সুরেশ চরিত্রটি বিশ্লেষণ করে এই অভিমতের যাথার্থ্য নিরূপণ করুন। 16

**7.** (a) "পৃথিবীর শ্রেষ্ঠ কবি মাত্রেই একাধারে রিয়ালিস্ট এবং আইডিয়ালিস্ট; কি বহির্জগৎ কি মনোজগৎ দুয়ের সঙ্গেই তাদের সম্পর্ক অতি ঘনিষ্ঠ।" 'বস্তুতন্ত্রতা বস্তু কি' প্রবন্ধে প্রমথ চৌধুরী কীভাবে এই সিদ্ধান্তে পৌঁছলেন তা আলোচনা করে বুঝিয়ে দিন। 18

(b) " 'আরণ্যক' উপন্যাসের লেখক জীবনের সংঘাত-দ্বন্দ্বের ঊর্ধ্বে অনন্ত জীবন-রহস্যকে বড় করে তুলে ধরেছেন।" এই অভিমত বিচার করুন। 16

(c) "যা একদিন জৈব প্রকৃতির স্বতঃস্ফূর্ত বলিষ্ঠ প্রকাশের মধ্যে অকৃত্রিম ও স্বাভাবিক ছিল, আজ তা-ই মানবমনের অদৃশ্য চোরাগলির মধ্যে কুৎসিত কদর্য রূপ নিয়ে অন্ধকারে পালিয়ে বেড়াচ্ছে।" মানিক বন্দ্যোপাধ্যায়ের 'প্রাগৈতিহাসিক' ও 'সরীসৃপ' গল্প অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দিন। 16

**8.** (a) জীবনানন্দের 'আট বছর আগের একদিন' এবং 'ঘোড়া' কবিতা দুটি বিশ্লেষণ করে এগুলিতে যথাক্রমে অস্তিত্ববাদী ও পরাবাস্তববাদী ভাবনার রূপায়ণে তাঁর কৃতিত্বের পরিচয় দিন। 18

(b) " 'জাগরী' উপন্যাসটি তার আন্তরিকতাপূর্ণ অথচ মননশীল কথনভঙ্গি ও পরিবেশ-বাস্তবতার জন্য উপভোগ্য হয়ে উঠেছে।" এই মন্তব্যের যাথার্থ্য বিচার করুন। 16

(c) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে বাঙালি জীবনের হতাশা, অবসাদ ও অবক্ষয়ের যে চিত্র পাওয়া যায় তার পূর্ণ পরিচয় দিন। 16

★★★

CS (MAIN) Exam:2016



# BENGALI

## PAPER—II

## ( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

---

# বাংলা

## প্রশ্নপত্র—II

## ( সাহিত্য )

সময় : 3 ঘন্টা

পূর্ণাঙ্ক : 250

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরিক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম **(1)** এবং পঞ্চম **(5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

## SECTION—A

**1.** প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) ''অম্বরে ডম্বর ভরু নব মেহ।
বাহিরে তিমিরে না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর ইন্দু।
উছলল মনহি মনোভব সিন্ধু॥''

(b) ''অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিম্বফলে।
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে॥''

(c) ''উঠ, বৎস, পোহাইল রাতি।
লঙ্কার উত্তর দ্বারে বনরাজী মাঝে
শোভে সরঃ; কূলে তার চণ্ডীর দেউল
স্বর্ণময়; স্নান করি সেই সরোবরে,
তুলিয়া বিবিধ ফুল, পূজ ভক্তি-ভাবে
দানব-দমনী মায়ে।''

(d) ''সংসারে বৈষম্য থাকাই উচিত। প্রকৃতিই অনেক বৈষম্যের নিয়ম করিয়া আমাদিগকে এই সংসার-রঙ্গে পাঠাইয়াছেন।''

(e) ''ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।''

**2.** (a) ''শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান!'' বৈষ্ণব পদাবলী সাহিত্যের ধর্ম-নিরপেক্ষ গুরুত্ব বিচার করুন। 20

(b) 'অভিসার' কী? বৈষ্ণব সাহিত্যে 'অভিসার'-এর সংজ্ঞা নিরূপণ করুন। অভিসারের তাৎপর্য নির্ণয় করে, এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করুন। 5+7+8=20

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলার অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে 'রাধাতত্ত্ব'-এর স্বরূপ আলোচনা করুন। 10

**3.** (a) ''নিপুণ পর্যবেক্ষণ, সহৃদয়তা, জীবনে আস্থা, ব্যাপক অভিজ্ঞতা ইত্যাদি যে সব গুণ ভালো উপন্যাস-লেখকের রচনায় প্রত্যাশিত সে সব গুণ, সেকালের পক্ষে যথোচিত পরিমাণে, মুকুন্দের রচনাতেই পাই।'' সমালোচকের এই অভিমত 'আখেটিক' খণ্ডে কীভাবে ধরা পড়েছে, দেখান। 20

(b) 'মেঘনাদবধ কাব্য'-এ কবি মধুসূদনের আত্মজৈবনিক উপাদান কীভাবে প্রতিফলিত হয়েছে, দেখান। 20

(c) সূত্রাকারে 'সোনার তরী' কাব্যের মূল সুরটুকু লিপিবদ্ধ করুন। 10

4. *(a)* ''চৈত্রবায়ুতাড়িত এক বিশাল তরঙ্গ আসিয়া, তীরে যথায় কপালকুণ্ডলা দাঁড়াইয়া, তথায় তটাধোভাগে প্রহত হইল, ... কপালকুণ্ডলা ... নদীপ্রবাহমধ্যে ভগ্ন হইয়া পড়িল।'' কপালকুণ্ডলার এই পরিণতি সমগ্র উপন্যাসের পরিপ্রেক্ষিতে কতটা যুক্তিযুক্ত, বিচার করুন। 20

*(b)* 'বঙ্গদেশের কৃষক' অবলম্বনে বঙ্কিমচন্দ্রের প্রশাসক ও প্রাবন্ধিক সত্তার দ্বন্দ্ব-সমন্বয়ের চিত্রটি আঁকুন। 15

*(c)* 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে রবীন্দ্রনাথের সৌন্দর্যবোধের স্বরূপ আলোচনা করুন। 15

## SECTION—B

5. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ''আমার অনবকাশের উজান ঠেলে তোমাকে ঘরে আনতে চাই নে। যেদিন পালের হাওয়ায় তুমি অনায়াসে আসবে সেইদিন আগমনীর লগ্ন লাগবে।''

*(b)* ''এ প্রাণ, রাতের রেলগাড়ি,
দিল পাড়ি—
কামরায় গাড়িভরা ঘুম,
রজনী নিঝুম।''

*(c)* ''... কিন্তু আমার সকল শিক্ষা ত তোমারি কাছে। আশ্রমই বল আর আশ্রয়ই বল, সে যে তার কোথায়, এ খবর সেজদিকে আমি দিতে পারব, কিন্তু সে ত তোমারই দেওয়া হবে।''

*(d)* ''একটা অদ্ভুত শব্দ।
নদীর জল মচকাফুলের পাপড়ির মতো লাল।
আগুন জ্বললো আবার—উষ্ণ লাল হরিণের মাংস তৈরি হ'য়ে এলো।''

*(e)* ''কেন তুমি হাঁচবে? কেন তুমি কাশবে?
দাঁত কটি মেলে ধরে কেন মধু হাসবে?''

6. *(a)* 'রক্তকরবী' নাটিকাটির গানগুলি সামগ্রিক নাটকের পরিপ্রেক্ষিতে কতটা যথাযথ হয়ে উঠেছে, আলোচনা করুন। 20

*(b)* 'নবজাতক' নামকরণটি কতটা সার্থক, কাব্যটি অবলম্বনে বিচার করুন। 15

*(c)* অচলার দোলাচলতা 'গৃহদাহ' উপন্যাসের মুখ্য প্রতিপাদ্য। এই দোলাচলতার জন্য দায়ী কে, নির্ণয় করুন। 15

7. *(a)* 'বঙ্গ সাহিত্যের নবযুগ' প্রবন্ধটির বিষয়বস্তু সেকাল ও একালের পরিপ্রেক্ষিতে কতটা সত্য হয়ে উঠেছে, আলোচনা করুন। 20

*(b)* 'আরণ্যক' উপন্যাস না ডায়েরী? স্মৃতিকথা না ভ্রমণবৃত্তান্ত? বিচার করুন। 20

*(c)* ''ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটি এরোপ্লেন উড়িয়া যাইতেছিল। দেখিতে দেখিতে সেটি সুন্দরবনের উপর পৌঁছিয়া গেল।'' 'সরীসৃপ' গল্পের বিষয়বস্তুর সঙ্গে অন্তিম এই প্রসঙ্গটির যোগ নির্ণয় করুন। 10

8\. *(a)* ''আমার কবিতাকে বা এ-কাব্যের কবিকে নির্জন বা নির্জনতম আখ্যা দেওয়া হয়েছে; কেউ বলেছেন, এ-কবিতা প্রধানত প্রকৃতির বা প্রধানত ইতিহাস ও সমাজ-চেতনার, অন্য মতে নিশ্চেতনার; কারো মীমাংসায় এ-কাব্য একান্ত প্রতীকী; সম্পূর্ণ অবচেতনার; সুররিয়ালিস্ট।'' কবি জীবনানন্দের আত্ম-সমালোচনার প্রেক্ষিতে তাঁর 'শ্রেষ্ঠ কবিতা'কে বিচার করুন। 20

*(b)* 'জাগরী'কে রাজনৈতিক উপন্যাস বলা যায় কি না, যুক্তিসহ আপনার মতামত ব্যক্ত করুন। 15

*(c)* বাংলা নাটকের ধারায় 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির বিশেষত্ব নিরূপণ করুন। 15

★★★

# বাংলা

## প্রশ্নপত্র—II

( সাহিত্য )

| সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (**1**) এবং পঞ্চম (**5**) প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

## PAPER—II

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) যাঁহা যাঁহা ভাঙ্গুর ভাঙু বিলোল।
তাঁহ তাঁহা উছলই কালিন্দী হিলোল॥
যাঁহা যাঁহা তরল বিলোকন পড়ই।
তাঁহ তাঁহা নীল উতপল বন ভরই॥

(b) কৃষ্ণপ্রাপ্ত্যের উপায় বহুবিধ হয়।
কৃষ্ণপ্রাপ্ত্যের তারতম্য বহুত আছয়॥
কিন্তু যার যেই ভাব—সে-ই সর্বোত্তম।
তটস্থ হঞা বিচারিলে আছে তরতম॥

(c) করি স্নান সিন্ধুনীরে, রক্ষোদল এবে
ফিরিলা লঙ্কার পানে, আর্দ্র অশ্রুনীরে—
বিসর্জ্জি প্রতিমা যেন দশমী দিবসে!
সপ্ত দিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে॥

(d) জীবের শত্রু জীব; মনুষ্যের শত্রু মনুষ্য; বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী।

(e) দেখালে সমুখে প্রসারিয়া কর
পশ্চিমপানে অসীম সাগর,
চঞ্চল আলো আশার মতন
কাঁপিছে জলে।

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''গোবিন্দদাসকে বিদ্যাপতির ভাবশিষ্য বলা হয়।'' গোবিন্দদাস ও বিদ্যাপতির পদ বিশ্লেষণ করে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন। 20

(b) ''তাঁহার কৃতিত্ব কেবল বস্তুসঞ্চয়ে নহে, বাস্তবরসের পরিবেশন-নৈপুণ্যে।'' মুকুন্দের 'চণ্ডীমঙ্গল কাব্য' প্রসঙ্গে সমালোচকের এই অভিমতের তাৎপর্য কোথায় তা ব্যাখ্যা করুন। 20

(c) 'চণ্ডীমঙ্গল কাব্য'-এ কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী পশুগণের যে দুর্দশার চিত্র অঙ্কন করেছেন তার তাৎপর্য বুঝিয়ে দিন। 10

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মধ্যলীলা অবলম্বনে 'রাগানুগা ভক্তি'র লক্ষণ, ভেদ ও সাধন সম্পর্কে আপনার ধারণাটি লিপিবদ্ধ করুন। 15

(b) পাশ্চাত্য নারী চরিত্রের আদর্শে আঁকা হলেও, প্রমীলার প্রাণশক্তিটি প্রাচ্য নারীর। প্রমীলার মধ্যে এই দুই ভিন্ন আদর্শের সমন্বয় কীভাবে করেছেন মধুসূদন, 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে দেখান। 20

(c) 'ছিন্নপত্রাবলী'র মধ্যে 'গল্পগুচ্ছ'-এর বীজ কোথায় কোথায় খুঁজে পাওয়া যায়, উদাহরণসহ আলোচনা করুন। 15

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) "'কপালকুণ্ডলা' বিষয়রহস্যে, সাংকেতিকতায়, কাব্যময়তায়, উপন্যাস-সম্মত চরিত্রসৃষ্টিতে, ভাব ও ভাষার সুসংগতিতে বঙ্কিমের রোমান্টিক কল্পনার শ্রেষ্ঠ শিল্পসম্পদ।" আলোচনা করুন। 20

(b) 'সাম্য' প্রবন্ধে প্রতিফলিত বঙ্কিমচন্দ্রের সাম্যনীতির পরিচয় দিন। 15

(c) 'মানসসুন্দরী' এবং 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় যে নারীর কথা পাওয়া যায়, রবীন্দ্রনাথের কবিতায় সে নারীর ভূমিকা 'সোনার তরী' কাব্য রচনাপর্বে কীভাবে প্রকাশ পেয়েছে, উক্ত কবিতা দুটির ভিত্তিতে তার পরিচয় দিন। 15

## SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক। (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) কপালখানা যেন সাতমহলা বাড়ির সিংহদ্বার। বাহু দুটো কোন্ দুর্গম দুর্গের লোহার অর্গল। মনে হল যেন রামায়ণ-মহাভারত থেকে নেমে এসেছে কেউ।

(b) মিথ্যা দিয়ে, চাতুরী দিয়ে, রচিয়া গুহাবাস
পৌরুষেরে কোরো না পরিহাস।
বাঁচাতে নিজ প্রাণ
বলীর পদে দুর্বলেরে কোরো না বলিদান।

(c) সাহিত্য মানবজীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরূক করে তোলা।

(d) সৃষ্টির নাড়ীর 'পরে হাত রেখে টের পাওয়া যায়
অসম্ভব বেদনার সাথে মিশে র'য়ে গেছে অমোঘ আমোদ;

(e) অরণ্য ও পাহাড় এদের মনকে মুক্তি দিয়াছে, দৃষ্টিকে উদার করিয়াছে—এদের ভালবাসাও সে অনুপাতে মুক্ত, দৃঢ়, উদার। মন বড় বলিয়া এদের ভালবাসাও বড়।

6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'রক্তকরবী'র রাজা প্রসঙ্গে রবীন্দ্রনাথ বলেছেন, "এক দেহেই রাবণ ও বিভীষণ"। রাজা চরিত্র বিচার প্রসঙ্গে মন্তব্যটি ব্যাখ্যা করুন। 15

(b) "ভিতরের দিকের মননজাত অভিজ্ঞতা এদের পেয়ে বসেছে।" 'নবজাতক' কাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্য উদাহরণসহ বুঝিয়ে দিন। 15

(c) "একটি অগ্নিদাহের ঘটনা 'গৃহদাহ' উপন্যাসের ঘটনাধারাকে নতুনভাবে পরিচালিত করেছে।" উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার প্রসঙ্গে মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করুন। 20

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'কাব্যে অশ্লীলতা—আলংকারিক মত' প্রবন্ধ অনুসারে সাহিত্যে অশ্লীলতা বিষয়ে প্রমথ চৌধুরীর অভিমতটি জানান। 15

(b) কতকগুলি ঘটনা জুড়ে জুড়ে তৈরি হয়েছে 'আরণ্যক' উপন্যাসটি। আর কথক সত্যচরণের অভিজ্ঞতায় ধরা আছে সেই ঘটনাগুলি। উপন্যাসের এই গঠন-বৈশিষ্ট্য নিয়ে একটি নিবন্ধ রচনা করুন। 15

(c) 'হারাণের নাতজামাই' এবং 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প দুটির বক্তব্য লেখকের কোন্ মানসিকতার পরিচয় বহন করছে তা নির্দেশ করুন। 20

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'শ্রেষ্ঠ কবিতা' অবলম্বনে চিত্রকল্প বা ইমেজ নির্মাণে কবি জীবনানন্দের কৃতিত্ব বিচার করুন। 15

(b) 'এবং ইন্দ্রজিৎ' নাটক অবলম্বনে বাদল সরকার যে নতুন ধরনের নাটক নির্মাণ করলেন তার বৈশিষ্ট্যগুলি নির্দেশ করুন। 15

(c) 'জাগরী' উপন্যাসের চারটি চরিত্র একটি ঘটনাকে কেন্দ্র করে তাঁদের মনের কথা বলে গেছেন। উপন্যাস রচনার এই কৌশলটির পরিচয় আপনার অভিমতসহ প্রদান করুন। 20

★ ★ ★

# CS (MAIN) EXAM:2018

**EGT-D-BNG**

## বাংলা / BENGALI

## প্রশ্নপত্র II / Paper II

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| সময় : 3 ঘন্টা<br>*Time Allowed :* ***Three*** *Hours* | পূর্ণাঙ্ক : 250<br>*Maximum Marks :* ***250*** |

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের* ***দুটি ভাগে*** *সর্বসমেত* ***আটটি (8)*** *প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বসমেত* ***পাঁচটি (5)*** *প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)*** *এবং* ***পঞ্চম (5)*** *প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট* ***তিনটি (3)*** *দুটি বিভাগ থেকে অন্তত* ***একটি*** *করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্য দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি* ***বাংলা (বাংলা লিপি)*** *অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে ।*

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are* ***EIGHT*** *questions divided in* ***TWO SECTIONS****.*

*Candidate has to attempt* ***FIVE*** *questions in all.*

*Question nos.* ***1*** *and* ***5*** *are compulsory and out of the remaining, any* ***THREE*** *are to be attempted choosing at least* ***ONE*** *question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in* ***BENGALI (Bengali script)****.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "সে না কথা না শুনিব করি অনুমান ।
পরসঙ্গ শুনিতে আপনি যায় কান ।।
ধিক্ রহু এ ছাড় ইন্দ্রিয় মোর সব ।
সদা সে কালিয়া কানু হয় অনুভব ।।" *10*

(b) "মহাভাবচিন্তামণি রাধার স্বরূপ ।
ললিতাদি সখী তাঁর কায়ব্যূহস্বরূপ ।।" *10*

(c) "আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি
দশ দিশ !" *10*

(d) "তুমি অধম – তাই বলিয়া আমি উত্তম না হইব কেন ?" *10*

(e) "দেবতারে যাহা দিতে পারি, দিই তাই
প্রিয়জনে-প্রিয়জনে যাহা দিতে পাই
তাই দিই দেবতারে; আর পাব কোথা !
দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা ।" *10*

**Q2.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) মাথুর কী ? বৈষ্ণব সাহিত্যে 'মাথুর'-এর সংজ্ঞা নিরূপণ করুন । এবং এই রস পর্যায়ের তাৎপর্য নির্ণয় করে শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব বিচার করুন । *20*

(b) 'সাধ্যসাধনতত্ত্ব' বলতে কি বোঝানো হয়েছে ? চৈতন্য ও রায় রামানন্দের পারস্পরিক কথোপকথনের মাধ্যমে 'সাধ্যসাধনতত্ত্ব'-এর যে রূপ ফুটে উঠেছে, তার পরিচয় দিন । *15*

(c) 'চণ্ডীমঙ্গল' কাব্যে লোক ঐতিহ্যের যেভাবে প্রয়োগ ঘটেছে তার স্বরূপ বুঝিয়ে কবি মুকুন্দের কৃতিত্ব বিচার করুন । *15*

**Q3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'মেঘনাদবধ কাব্য' কোন শ্রেণীর মহাকাব্য তা যুক্তির আলোকে বিশ্লেষণ করুন । 15

(b) ভ্রাতুষ্পুত্রীকে উদ্দেশ্য করে লেখা হলেও 'ছিন্নপত্রাবলী'-র চিঠিগুলি স্বতন্ত্র সাহিত্যের মর্যাদা পেতে পারে কি না – যুক্তি দিয়ে বিচার করুন । 15

(c) বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবি উপাখ্যানের গুরুত্ব বিচার করুন । এই প্রসঙ্গে 'কপালকুণ্ডলা'-র পরিণতিতে লৌকিক বিশ্বাস-সংস্কারের কোনো ভূমিকা আছে কি না – যুক্তিসহ বিশ্লেষণ করুন । 20

**Q4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে বৈষম্যজালে আচ্ছন্ন সমাজের যে বাস্তব চিত্র তুলে ধরেছেন, তার স্বরূপ বিবৃত করুন । 15

(b) 'চারি দিক হতে আজি
অবিশ্রাম কর্ণে মোর উঠিতেছে বাজি
সেই বিশ্ব-মর্মভেদী করুণ ক্রন্দন
মোর কন্যা কন্ঠস্বরে ।'

— চার বছরের কন্যার কন্ঠের তিনটি মাত্র শব্দ 'যেতে নাহি দিব' যে দার্শনিকতায় পৌঁছে দিয়েছে তা 'সোনার তরী' কাব্যগ্রন্থের 'যেতে নাহি দিব' কবিতা অবলম্বনে লিপিবদ্ধ করুন । 20

(c) 'হৃদে বিষ মুখে মধু, জিজ্ঞাসে ফুল্লরা' — ফুল্লরার এমন জটিল মনঃস্থিতির সার্থক রূপায়ণের মধ্যে, দিয়ে মধ্যযুগের কবি মুকুন্দ চক্রবর্তী আধুনিক যুগযন্ত্রণার পূর্বাভাষ দিয়েছেন বলে কি মনে করেন ? আলোচনা করুন । 15

## SECTION B

**Q5.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) 'বাতাস নিয়ে যায় মেঘকে, সেটাকে যদি দোষ মনে কর, খবর নাও বাতাসকে কে দিয়েছে ঠেলা ।' *10*

(b) 'সকাল থেকে কেউ বা থাকে বসে,
কেউ-বা গাড়ি ফেল্ করে তার
শেষ মিনিটের দোষে ।' *10*

(c) 'আশ্রমই বল আর আশ্রয়ই বল, সে যে তার কোথায়, এ খবর সেজদিকে আমি দিতে পারব, কিন্তু সে ত তোমারই দেওয়া হবে ।' *10*

(d) 'সৃষ্টির মনের কথা মনে হয় – দ্বেষ ।' *10*

(e) 'শিকড়ের মুঠো মেলে গাছ মাটির নীচে হরণ-শোষণের কাজ করে, সেখানে তো ফুল ফোটায় না । ফুল ফোটে উপরের ডালে আকাশের দিকে । ওগো রক্তকরবী, আমাদের মাটির তলাকার খবর নিতে এসো না, উপরের হাওয়ায় তোমার দোল দেখব বলে তাকিয়ে আছি ।' *10*

**Q6.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'যক্ষপুরী', 'নন্দিনী' না 'রক্তকরবী' ? — 'রক্তকরবী নাটকের কোন নামটি যথাযথ মনে করেন, যুক্তিসহ লিখুন । *20*

(b) সমসাময়িক বিশ্বরাজনীতিকে রবীন্দ্রনাথ যেমন করে দেখেছেন, তার প্রকাশ 'নবজাতক'-এর বেশ কিছু কবিতায় ধরা পড়েছো । — 'নবজাতক' কাব্য অবলম্বনে কবির সেই বিশ্বরাজনীতি ভাবনার পরিচয় দিন । *15*

(c) অচলা কেন্দ্রীয় নারী চরিত্র হতে পারে, কিন্তু মৃণাল ব্যতীত 'গৃহদাহ' সার্থকতা পায় না । — উপন্যাসে মৃণালের ভূমিকা আলোচনা করুন । *15*

**Q7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'এই নবসাহিত্য রাজধর্ম ত্যাগ করে গণধর্ম অবলম্বন করছে ।' — 'বঙ্গ সাহিত্যের নবযুগ' প্রবন্ধ অবলম্বনে সাহিত্যের এই গণতন্ত্রীকরণ বাংলা সাহিত্যের পক্ষে কতটা মঙ্গলজনক, তা বিচার করুন । *15*

(b) 'আরণ্যক' উপন্যাসে প্রতিফলিত বিভূতিভূষণের নিম্নবর্গ-ভাবনার পরিচয় দিন । *15*

(c) 'হয়তো ওই চাঁদ আর এই পৃথিবীর ইতিহাস আছে । কিন্তু যে ধারাবাহিক অন্ধকার মাতৃগর্ভ হইতে সংগ্রহ করিয়া ভিখু ও পাঁচী পৃথিবীতে আসিয়াছিল এবং যে অন্ধকার তাহারা সন্তানের মাংসল আবেষ্টনীর মধ্যে গোপন রাখিয়া যাইবে তাহা প্রাগৈতিহাসিক' — এই অন্ধকার, 'প্রাগৈতিহাসিক' থেকে 'সরীসৃপ'-এর চারু-পরী-বনমালীর মধ্যেও কীভাবে সঞ্চারিত হয়ে যায়, তা দেখান । *20*

**Q8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'মাথার ভিতরে

স্বপ্ন নয় – প্রেম নয় – কোনো এক বোধ কাজ করে ।'

— এই 'বোধ'-ই 'আট বছর আগের একদিন' কবিতার 'বিপন্ন বিস্ময়' এর উৎস কি না, কবিতা দুটি বিশ্লেষণের মাধ্যমে বুঝিয়ে দিন । *20*

(b) রাজনীতি মূল বিষয় হলেও উপস্থাপনা ভঙ্গিতে 'জাগরী'-কে মনস্তাত্ত্বিক উপন্যাস বলা যায় কি না যুক্তিসহ আপনার অভিমত ব্যক্ত করুন । *15*

(c) গান এবং কবিতা 'এবং ইন্দ্রজিৎ' নাটকের প্রাণ । — নাট্যকারের লক্ষ্য পূরণে এ দুটি বিষয় কেমন কার্যকরী ভূমিকা নিয়েছে নাটকটি অবলম্বনে বুঝিয়ে দিন । *15*

# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র II / Paper II

## ( সাহিত্য ) / ( LITERATURE )

*সময় : 3 ঘন্টা*
*Time Allowed : **Three** Hours*

*পূর্ণাঙ্ক : 250*
*Maximum Marks : 250*

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে ।*

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "ঝলকত দামিনী দশ দিশ আপি ।
নীল বসনে ধনি সব তনু ঝাঁপি ।।
দুই চারি সহচরী সঙ্গহি নেল ।
নবে অনুরাগ-ভরে চলি গেল ।।" *10*

(b) "প্রণাম করিয়া বীর চণ্ডীর চরণে ।
শুভক্ষণে প্রবেশ করিল গিয়া বনে ।।
কাননে থাকিয়া বাঘা দেখিলেক বীরে ।
সাড়া মারিয়া বাঘা আস্যে ধীরে ধীরে ।।" *10*

(c) "অস্তে গেলা দিনমণি; আইলা গোধূলি —
একটি রতন ভালে । ফুটিলা কুমুদী
মূদিলা সরসে আঁখি বিরসবদনা
নলিনী; কুজনি পাখি পশিল কুলায়ে;" *10*

(d) "দরিদ্রা বলিয়া তোরে বেশি ভালোবাসি,
হে ধরিত্রী, স্নেহ তোর বেশি ভালো লাগে –" *10*

(e) "কোন দেশে সামাজিক ধনসঞ্চয় হয়, কোন দেশে হয় না । যেখানে হয়, সে দেশ সভ্য হয় । যে দেশে হয় না, সে দেশ অসভ্য থাকে ।" *10*

**Q2.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'গৌরচন্দ্রিকা' ও গৌরাঙ্গ বিষয়ক পদের সংজ্ঞা নিরূপণ করুন । বৈষ্ণব সাহিত্যে 'গৌরচন্দ্রিকা'-র গুরুত্ব কোথায় তা ব্যাখ্যা করুন । *20*

(b) "মধ্যযুগের মঙ্গল-কাব্যগোষ্ঠীর মধ্যে যে একখানি কাব্য সংকীর্ণ ধর্মগত প্রয়োজন ছাড়াইয়া সার্বভৌম রসস্বীকৃতি লাভ করিয়াছে তাহা মুকুন্দরামের কবিকঙ্কণ-চণ্ডী ।" কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল কাব্য' অবলম্বনে সমালোচকের এই অভিমতের তাৎপর্য বিশ্লেষণ করুণ । *15*

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের 'মধ্যলীলা' অবলম্বনে গোপীতত্ত্বের স্বরূপ ব্যাখ্যা করুন । *15*

**Q3.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'মেঘনাদবধ কাব্যে'-র সূচনায় মধুসূদন লিখেছিলেন — 'গাইব মা বীররসে ভাসি মহাগীত' — এই প্রতিশ্রুতি মধুকবি তার কাব্যে শেষ পর্যন্ত কতটা রক্ষা করতে পেরেছিলেন — যুক্তিসহ তা আলোচনা করুন । *20*

(b) 'কপালকুণ্ডলা' উপন্যাসে চরিত্র নির্মাণ ও কাহিনির বিন্যাসে নিয়তির ভূমিকা কতটা অপ্রতিরোধ্য তা আলোচনা করুন । *15*

(c) 'সোনার তরী' কবিতাটি স্পষ্টত একটি রূপক । এই কবিতাটি অবলম্বনে সেই রূপকার্থের স্বরূপ ব্যাখা করুন । *15*

**Q4.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "জীবের শত্রু জীব; মনুষ্যের শত্রু মনুষ্য, বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী ।" 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধের এই উক্তির আলোকে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও । *15*

(b) "...তোকে আমি যে-সব চিঠি লিখেছি তাতে আমার মনের সমস্ত বিচিত্র ভাব যে রকম ব্যক্ত হয়েছে এমন আমার আর কোনো লেখায় হয়নি ।" ইন্দিরা দেবীকে লেখা রবীন্দ্রনাথের এই বক্তব্য অবলম্বনে 'ছিন্নপত্রাবলী' তে প্রকাশিত রূপদক্ষ রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার পরিচয় দাও । *15*

(c) 'সমুদ্রের প্রতি' ও 'বসুন্ধরা' কবিতায় পৃথিবীর প্রতি রবীন্দ্রনাথের 'যে নাড়ীর টান অপূর্ব ছন্দোবন্ধ উদ্গীত' হয়েছে তা আলোচনা করুন । *20*

## SECTION B

**Q5.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "তৃষ্ণার জল যখন আশার অতীত হয়, মরীচিকা তখন সহজে ভোলায় ।" 10

(b) "সেই তো ভীষণ, নিষ্ঠুর তার বীভৎসতা,
নিজের মধ্যে প্রতিষ্ঠাহীন
তাই সে এমন হিংসারতা ।" 10

(c) "প্রকৃতি তাঁর নিজের ভক্তদের যা দেন, তা অতি অমূল্য দান । অনেক দিন ধরিয়া প্রকৃতির সেবা না করিলে কিন্তু সে দান মেলে না ।" 10

(d) "এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয় ।" 10

(e) "জেলও যেন একটা ছোটোখাটো শহর ।" 10

**Q6.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "বীর আমার, নীলকন্ঠ পাখির পালক এই পরিয়ে দিলুম তোমার চূড়ায় । তোমার জয়যাত্রা আজ হতে শুরু হয়েছে । সেই যাত্রার বাহন আমি ।" নন্দিনী ও রঞ্জনের জয়যাত্রা কতটা সফল হয়েছিল তা 'রক্তকরবী' নাটক অবলম্বনে আলোচনা করুন । 20

(b) "ভীষণ যজ্ঞে প্রায়শ্চিত্ত / পূর্ণ করিয়া শেষে / নূতন জীবন নূতন আলোকে / জাগিবে নূতন দেশে" — 'প্রায়শ্চিত্ত' কবিতার আলোকে রবীন্দ্রনাথের 'নবজাতক' কাব্যগ্রন্থের মূল সুরটি ব্যাখ্যা করুন । 15

(c) সুরেশ না মহিম — কাকে আপনি 'গৃহদাহ' উপন্যাসের প্রকৃত নায়ক মনে করেন — যুক্তিসহ তা আলোচনা করুন । 15

**Q7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "রাময়ণ কাব্য হিসেবে যে অমর এবং জনসাধারণ আজও যে তার শ্রবণে-পঠনে আনন্দ উপভোগ করে তার একমাত্র কারণ, আনন্দের ধর্মই এই যে তা সংক্রামক" — প্রমথ চৌধুরীর এই মন্তব্যের সাপেক্ষে 'সাহিত্যে খেলা'-র স্বরূপ নির্ণয় করুন । *15*

(b) 'আরন্যক' উপন্যাসটিকে বিভূতিভূষণের আত্মজিবনিক উপন্যাস হিসেবে কী পড়া যায় ? যুক্তিসহ আলোচনা করুন । *20*

(c) অ্যাবসার্ড নাটক হিসেবে 'এবং ইন্দ্রজিৎ' কতটা সার্থক তা আলোচনা করুন । *15*

**Q8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "মহাবিশ্বলোকের ইশারার থেকে উৎসারিত সময় চেতনা ।" — জীবনানন্দ দাশের কবিতায় কীভাবে শিল্পিত হয়ে আছে তা উদাহরণসহ আলোচনা করুন । *20*

(b) 'জাগরী' উপন্যাস অবলম্বনে উপন্যাসিকের রাজনৈতিক সচেতনতার পরিচয় দিন । *15*

(c) 'কুষ্ঠরোগীর বৌ' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় যে পক্ষপাতহীন বস্তুনির্ভর মানসিকতার পরিচয় দিয়েছেন, তার স্বরূপ বিশ্লেষণ করুন । *15*

# CS (Main) Exam, 2020

URC-B-BNG

## বাংলা / BENGALI

### প্রশ্নপত্র II / Paper II

### ( সাহিত্য ) / ( LITERATURE )

সময় : 3 ঘন্টা
*Time Allowed : **Three** Hours*

পূর্ণাঙ্ক : 250
*Maximum Marks : **250***

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে ।

পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।

উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিস্কারভাবে কেটে দিতে হবে ।

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "এ সখি হামারি দুখের নাহি ওর ।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ।" *10*

(b) "প্রাণের দোসর ভাই গেল পরলোক ।
উদরের জ্বালা আর সোদরের শোক ।।
হাতে পদে দড়ি দিয়া বান্ধে দুই তোক ।
গড়াগড়ি দিয়া কান্দে রায়বার কোক ।।" *10*

(c) "কৃষ্ণের অনন্তশক্তি, তাতে তিন প্রধান ।
চিচ্ছক্তি, মায়াশক্তি, জীবশক্তি নাম ।।" *10*

(d) "কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ! হা ধিক্ ওহে জলদলপতি !
এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য, অজেয়
তুমি ? হায়, এই কিহে তোমার ভূষণ," *10*

(e) "আমাদের দুটো জীবন আছে — একটা মনুষ্যলোকে, আর একটা ভাবলোকে । সেই ভাবলোকের জীবনবৃত্তান্তের অনেকগুলি পৃষ্ঠা আমি পদ্মার উপরকার আকাশে লিখে গেছি ।" *10*

**Q2.** (a) 'পূর্বরাগ' বলতে কী বোঝায় ? উদাহরণ সহযোগে পূর্বরাগ ও অনুরাগের তুলনামূলক আলোচনা করুন । *20*

(b) কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল কাব্য'-এর 'নারীগণের পতিনিন্দা', 'পশুগণের ক্রন্দন' ও 'ফুল্লরার বারমাস্যা' অংশের সমাজ-বাস্তবতার স্বরূপ নির্ণয় করুন । *15*

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে 'জ্ঞানমিশ্রাভক্তি'-র স্বরূপ আলোচনা করো । *15*

**Q3.** (a) 'মেঘনাদবধ কাব্য' কে কোন শ্রেণির মহাকাব্য বলা যায় । বৈশিষ্ট্যসহ আলোচনা করুন । *20*

(b) কপালকুণ্ডলা চরিত্রটিগঠনে প্রকৃতির ভূমিকা আলোচনা করুন । *15*

(c) 'সোনারতরী'-র কবিতায় বিশ্বপ্রকৃতির রূপ যেভাবে চিত্রিত হয়েছে সংশ্লিষ্ট কবিতা অলবম্বনে তার পরিচয় দিন । *15*

**Q4.** (a) "মনুষ্যে মনুষ্যে সমানাধিকার বিশিষ্ট – ইহাই সাম্যনীতি ।" পঠিত প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের এই সাম্যনীতির পরিচয় দিন । *15*

(b) "দেশের অত্যন্ত শ্রীবৃদ্ধি হইয়াছে । অসাধারণ কৃষিলক্ষ্মী দেশের প্রতি সুপ্রসন্না ।" তবু বঙ্গদেশের কৃষকের দুর্দশা না ঘোচার কারণ প্রাবন্ধিক যেভাবে নির্দেশ করেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তা বিশ্লেষণ করুন । *15*

(c) 'সোনারতরী' কাব্যগ্রন্থের বেশ কিছু কবিতার মুহূর্ত-কথা রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রাবলী'র মধ্যে খুঁজে পাওয়া যায় । 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে সেই মুহূর্ত গুলোর পরিচয় দিন । *20*

## SECTION B

**Q5.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "ওদের কাছে আমরা মানুষ নই, কেবল সংখ্যা ।" *10*

(b) "তোমরা রচিলে যারে
নানা অলংকারে
তারে তো চিনি নে আমি,
চেনেন না মোর অন্তর্যামী" *10*

(c) "শীতকালে আগুন পোহাইতে আহ্বান করা ভদ্রতার পরিচয় ।" *10*

(d) "ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটি এরোপ্লেন উড়িয়া যাইতেছিল । দেখিতে দেখিতে সেটি সুন্দরবনের উপর পৌঁছিয়া গেল ।" *10*

(e) "সকল লোকের মাঝে ব'সে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা ?" *10*

**Q6.** (a) "আমার রঞ্জনের জোর তোমাদের শঙ্খিনী নদীর মতো । ঐ নদীর মতোই সে যেমন হাসতেও পারে তেমনি ভাঙতেও পারে ।" নন্দিনীর এই উক্তির আলোকে রঞ্জন চরিত্রটি বিশ্লেষণ করুন । *20*

(b) 'বুদ্ধভক্তি' কবিতাটি শুরুর আগে রবীন্দ্রনাথ লিখেছিলেন : "জাপানের কোনো কাগজে পড়েছি, জাপানি সৈনিক যুদ্ধের সাফল্য কামনা করে বুদ্ধমন্দিরে পূজা দিতে গিয়েছিল । ওরা শক্তির বাণ মারছে চীনকে, ভক্তির বাণ বুদ্ধকে ।" এই বক্তব্যের সাপেক্ষে 'বুদ্ধভক্তি' কবিতাটি বিশ্লেষণ করুন । *15*

(c) 'গৃহদাহ' উপন্যাসের ঘটনা-সংগঠনে অপ্রধান চরিত্রগুলির ভূমিকা আলোচনা করুন । *15*

**Q7.** (a) বঙ্গ সাহিত্যের নবযুগের যে যে বৈশিষ্ট্য গুলি প্রমথ চৌধুরী চিহ্নিত করেছিলেন — তার মধ্যে দিয়ে বঙ্গ সাহিত্যে নবযুগ কি সত্যিই সূচিত হয়েছিল বলে আপনার মনে হয় ? যুক্তিসহ আলোচনা করুন । *20*

(b) 'আরণ্যক' উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণের প্রকৃতি-মুগ্ধতার পরিচয় দিন । *15*

(c) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির অ্যাবসার্ডিটি সংগঠনে 'লেখক' চরিত্রটির গুরুত্ব পর্যালোচনা করুন । *15*

**Q8.** (a) কবি জীবনানন্দের প্রেমচেতনা প্রকৃতিচেতনা-সময়চেতনার অপূর্ব মেলবন্ধন 'বনলতা সেন' — কবিতাটি অবলম্বনে আলোচনা করুন । *20*

(b) 'জাগরী' উপন্যাসে 'মা' চরিত্রের আত্মিক সংকটের যে পরিচয় পাওয়া যায় তার স্বরূপ ব্যাখ্যা করুন । *15*

(c) 'হারানের নাতজামাই' ও 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প অবলম্বনে গল্পকারের রাজনৈতিক সচেতনতার পরিচয় দিন । *15*

CS (Main) Exam,2021

HXS-B-BNG

# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র II / Paper II

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| সময় : 3 ঘন্টা<br>Time Allowed : **Three** Hours | পূর্ণাঙ্ক : 250<br>Maximum Marks : 250 |

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিস্কারভাবে কেটে দিতে হবে ।*

### Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "শীতের ওঢ়নী পিয়া গিরিষের বা ।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ।" *10*

(b) "অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিম্বফলে
রসজ্ঞ কোকিল খায় প্রেমাম্রমুকুলে ।।" *10*

(c) "আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি
দশ দিশ ।" *10*

(d) "সংসারে বৈষম্য থাকাই উচিত । প্রকৃতিই অনেক বৈষম্যের নিয়ম করিয়া আমাদিগকে এই সংসার-রঙ্গে পাঠাইয়াছেন ।" *10*

(e) "পথিক, তুমি কি পথ হারাইয়াছ ?" *10*

**Q2.** (a) বৈষ্ণব পদাবলী সাহিত্যে 'অভিসার' বলতে কী বোঝায় ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সম্পর্কে আলোকপাত করুন । *15*

(b) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের কালকেতু-আখ্যানে করুণ রসের সঙ্গে-সঙ্গে হাস্যরসের চমৎকার প্রয়োগ লক্ষ করা যায় — উদাহরণসহ বিষয়টি স্পষ্ট করুন । *20*

(c) 'চৈতন্যচরিতামৃত' অবলম্বনে গৌড়ীয় বৈষ্ণব ধর্মের বিশিষ্টতার পরিচয় দিন । *15*

**Q3.** (a) 'মেঘনাদবধকাব্য'র চতুর্থ সর্গে সীতা-সরমার কথোপকথনের মধ্যে দিয়ে যে শান্ত রস পরিবেশিত হয়েছে তা এই কাব্যের করুণ ও বীর রসের পরিপন্থী হয়েছে কি ? — বিচার করুন । *20*

(b) 'কপালকুণ্ডলা চরিত্রটি বঙ্কিমচন্দ্রের অসাধারণ সাহিত্য-প্রতিভারই উজ্জ্বল নিদর্শন' — আপনার অভিমত ব্যাখ্যা করুন । *15*

(c) 'সোনারতরী' কাব্যের মূলসুর সূত্রাকারে লিপিবদ্ধ করুন । *15*

**Q4.** (a) বঙ্কিমচন্দ্র তাঁর ‘সাম্য’ প্রবন্ধে স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তার উপর বিশেষ গুরুত্ব কেন দিয়েছিলেন, আলোচনা করুন । *15*

(b) ‘সোনারতরী’ কাব্যগ্রন্থের প্রথম কবিতা ‘সোনারতরী’, শেষ কবিতা ‘নিরুদ্দেশ যাত্রা’ — দুটিই নৌযাত্রার রূপকল্পে রচিত । — এর তাৎপর্য ব্যাখ্যা করুন । *15*

(c) ‘ছিন্নপত্রাবলী’ অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি-চেতনার পরিচয় দিন । *20*

## SECTION B

**Q5.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধসীমা 150) :** *10×5=50*

(a) "নারীর ভিতর দিয়ে বিচিত্র রসময় প্রাণের প্রবর্তনা যদি পুরুষের উদ্যমের মধ্যে সঞ্চারিত হবার বাধা পায় তাহলেই তার সৃষ্টিতে যন্ত্রের প্রাধান্য ঘটে । তখন মানুষ আপনার সৃষ্ট যন্ত্রের আঘাতে কেবলই পীড়া দেয়, পীড়িত হয় ।" *10*

(b) "আজিকে তোমার অলিখিত নাম
আমরা বেড়াই খুঁজি'
আগামী প্রাতের শুকতারা-সম
নেপথ্যে আছে বুঝি ।" *10*

(c) "সাহিত্য মানবজীবনের প্রধান সহায়, কারণ তার কাজ হচ্ছে মানুষের মনকে ক্রমান্বয়ে নিদ্রার অধিকার হতে ছিনিয়ে নিয়ে জাগরূক করে তোলা ।" *10*

(d) "অরণ্য ও পাহাড় এদের মনকে মুক্তি দিয়াছে, দৃষ্টিকে উদার করিয়াছে — এদের ভালবাসাও সে অনুপাতে মুক্ত, দৃঢ়, উদার । মন বড় বলিয়া এদের ভালবাসাও বড় ।" *10*

(e) "বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর :..." *10*

**Q6.** (a) 'রক্তকরবী' নাটকে নন্দিনীর প্রিয় রক্তকরবী ফুলটির তাৎপর্য ব্যাখ্যা করুন । *15*

(b) শেষ পর্যায়ে লেখা রবীন্দ্রনাথের 'নবজাতক' কাব্যগ্রন্থের বিশিষ্টতার পরিচয় দিন । *15*

(c) আধুনিক জীবনের স্ববিরোধ ও তার মর্মান্তিক পরিণতির যে চিত্র 'গৃহদাহ' উপন্যাসে প্রকাশ পেয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করুন । *20*

**Q7.** (a) প্রথম চৌধুরীর প্রবন্ধ অবলম্বনে কালিদাস ও জয়দেবের তুলনামূলক আলোচনা করুন । *15*

(b) 'আরণ্যক' উপন্যাসে একই সঙ্গে নির্মাণ ও ধ্বংসের যুগলবন্দী লক্ষণীয় — বিচার করুন । *15*

(c) মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর ছোটগল্পে সমাজের অবহেলিত অনাদৃত-অন্ত্যজ মানুষদের খণ্ডজীবনচিত্রের যে পরিচয় অবলীলায় তুলে ধরেছেন, সে সম্পর্কে আলোকপাত করুন । *20*

**Q8.** (a) 'বনলতা সেন' কবিতাটি-উদাহরণসহ বিশ্লেষণ করে জীবনানন্দের কবি-প্রতিভার পরিচয় দিন । *20*

(b) 'জাগরী' উপন্যাসটি রচনাকৌশলের যে বিশিষ্টতার গুণে স্বতন্ত্র স্থানের অধিকারী — তার স্বরূপ বিবৃত করুন । *15*

(c) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি বাংলা নাটকের ধারায় কীভাবে নতুনত্ব এনেছে তা আলোচনা করে বুঝিয়ে দিন । *15*

CIVIL SERVICES (MAIN) EXAM-2022

**CRNA–F–BNG**

# বাংলা

**প্রশ্নপত্র—I**

( সাহিত্য )

| নির্ধারিত সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

PAPER—I

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে বাংলা ভাষার উদ্ভব বিষয়ে সংক্ষেপে লিখুন। ভাষাবংশের রেখাচিত্রটি উল্লেখ করুন। 5+5=10

(b) প্রাচীন বাংলা ভাষার কালগত সীমা ও সাহিত্যিক নিদর্শন উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন। 1+1+8=10

(c) ভাষা ও উপভাষা কাকে বলে? বঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ উল্লেখ করুন। 3+7=10

(d) বাংলা ভাষার শব্দভাণ্ডারে কত ধরনের বিদেশী শব্দ মিশ্রিত হয়েছে সে বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 10

(e) সাধু ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি উদাহরণসহ উল্লেখ করুন। 10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) স্বরাগম (আদি-মধ্য-অন্ত্য), সাদৃশ্য, অপিনিহিতি—বাংলা ভাষায় এই ধ্বনি-পরিবর্তনগুলি কীভাবে ঘটে তা উদাহরণসহ উল্লেখ করুন। 8+6+6=20

(b) বাংলা লিপি ও বাংলা বানান সংস্কার বিষয়ে উদাহরণসহ আপনার মতামত জানান। 15

(c) আধুনিক বাংলা ভাষার বাক্য-নির্মিতির নিয়ম ও বিচ্যুতি বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মধ্যভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে এর ধ্বনিগত ও রূপগত বৈশিষ্ট্যের পরিচয় দিন। 2+9+9=20

(b) উদাহরণসহ মূর্ধন্যীভবন, নাসিক্যীভবন ও স্বরসঙ্গতি-বিষয়ক বাংলা ভাষার ধ্বনি-পরিবর্তনের আলোচনা করুন। 5+5+5=15

(c) কৃতঋণ শব্দ (Loan Words) বলতে কী বোঝায়? বাংলা শব্দভাণ্ডারে এই জাতীয় শব্দের প্রভাব আলোচনা করুন। 15

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উদাহরণসহ বাংলা মৌলিক ও যৌগিক স্বরধ্বনিগুলির প্রকারভেদ আলোচনা করুন। 20

(b) বাংলা ভাষায় লিপ্যন্তর (Transliteration) এবং রোমানীকরণ (Romanization)-এর ক্ষেত্রে যে সমস্যাগুলি দেখা যায় তার উল্লেখ করে সম্ভাব্য সমাধান বিষয়ে যুক্তিসহ আপনার মতামত দিন। 15

(c) ঝাড়খণ্ডী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন। 15

## SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) বাংলা সাহিত্যের যুগবিভাগ সম্পর্কে প্রামাণ্য তথ্যসহ আলোচনা করুন। 10

(b) প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বিবিধ সংরূপ বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 10

(c) বাংলা অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্য ও বৈচিত্র্য বিষয়ে আলোচনা করুন। 10

(d) চৈতন্যপূর্ব ও চৈতন্যপরবর্তী 'বৈষ্ণব পদাবলী'র পার্থক্য বিষয়ে আলোকপাত করুন। 10

(e) বাংলা সাহিত্যে আধুনিক যুগের সূচনা কবে থেকে? এই আধুনিকতার স্বরূপ আলোচনা করুন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) প্রাগাধুনিক যুগের বাংলা সাহিত্যের কোন্ কোন্ সংরূপে দেববাদের পরিবর্তে মানবতাবাদের লক্ষণ দেখা গিয়েছিল—উদাহরণসহ উল্লেখ করুন। 15

(b) উনিশ শতকের বাংলা আখ্যানকাব্য ও মহাকাব্য-ধারার পাশাপাশি কীভাবে গীতিকাব্যের উদ্ভব হল—বিষয়টি সাহিত্যিক নিদর্শনসহ বিশ্লেষণ করুন। 20

(c) রবীন্দ্রানুরাগী ও রবীন্দ্র-বিরোধী বাংলার কবিগোষ্ঠী সম্পর্কে আপনার নিজস্ব অভিমত জানান। 15

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* প্রাক্-'দুর্গেশনন্দিনী' বাংলা উপন্যাসের সৃজন-পর্বটি (১৮০০—১৮৬৪) বিষয়ে সাহিত্যিক নিদর্শনসহ আলোচনা করুন। 15

*(b)* আখ্যানে ত্রিকোণ-প্রেমের উপস্থাপনে বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের জীবনদর্শন ও শিল্পরূপগত স্বাতন্ত্র্য বিষয়ে আপনার নিজস্ব অভিমত সংক্ষেপে জানান। 20

*(c)* রবীন্দ্রনাথের তত্ত্বধর্মী নাটকগুলির উল্লেখ করে এগুলিতে প্রকাশিত রবীন্দ্রনাথের বিশেষ ভাবনা বিষয়ে আপনার ধারণা বিবৃত করুন। 15

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায় এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন। 20

*(b)* কল্লোল-গোষ্ঠীর কবিদের রচনায় রবীন্দ্র বিরোধিতা ও পরবর্তীকালে রবীন্দ্রনাথকে আত্মস্থ করেই কবিতা লেখার বিষয়টি কীভাবে এল—এ বিষয়ে তথ্যনিষ্ঠ আলোচনা করুন। 15

*(c)* আশাপূর্ণা দেবী ও মহাশ্বেতা দেবীর প্রতিনিধিস্থানীয় রচনার ও রচিত চরিত্রের উল্লেখ করে তাঁদের দৃষ্টিভঙ্গির নিজস্বতা ও নারীভাষার প্রায়োগিক দিকটি বিষয়ে আপনার ধারণা লিপিবদ্ধ করুন। 15

★★★

# বাংলা

## প্রশ্নপত্র—II

## (সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে সেটি পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

## PAPER—II

## (LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ''কণ্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি-বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥''

*(b)* ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥''

*(c)* ''পশুর গোহারি শুনি সকল মঙ্গলা।
আশ্বাসিয়া সিংহেরে দিলেন কণ্ঠমালা॥
আজি হইতে মনে কিছু না করিহ ভয়।
না বধিবে মহাবীর কহিনু নিশ্চয়॥''

*(d)* ''ছিল আশা, মেঘনাদ, মুদিব অন্তিমে
এ নয়নদ্বয় তোমার সম্মুখে—
সঁপি রাজ্যভার, পুত্র তোমায়, করিব
মহাযাত্রা।''

*(e)* ''সত্য করে কহো মোরে হে বৈষ্ণবকবি,
কোথা তুমি পেয়েছিলে এই প্রেমচ্ছবি,
কোথা তুমি শিখেছিলে এই প্রেমগান
বিরহ-তাপিত। হেরি কাহার নয়ান,''

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* 'মাথুর' বলতে কী বোঝায়? উদাহরণ সহযোগে 'মাথুর'-বিষয়ক পদের ভাব-সৌন্দর্য ও গুরুত্ব পর্যালোচনা করুন। 15

*(b)* কালকেতুর জন্মবৃত্তান্ত ও বাল্যলীলা অংশে কবি মুকুন্দ চক্রবর্তীর সমাজ-ভাবনার যে পরিচয় পাওয়া যায়, পাঠ্য কাব্য অবলম্বনে তা বিশ্লেষণ করুন। 15

*(c)* 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে গৌড়ীয় বৈষ্ণবধর্মের বিশিষ্টতার স্বরূপ ব্যাখ্যা করুন। 20

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* 'মেঘনাদবধ কাব্য'-এ কোন্ রস প্রাধান্য পেয়েছে, উদাহরণসহ আলোচনা করুন। 20

*(b)* 'কপালকুণ্ডলা' উপন্যাসের পরিণতি ও চরিত্র-চিত্রণে নিয়তির ভূমিকা আলোচনা করুন। 15

*(c)* 'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে 'মানসসুন্দরী'-র স্বরূপ ব্যাখ্যা করুন। 15

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাম্যনীতি ও সমাজ-ভাবনার পরিচয় দিন। 20

(b) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্রাবলী'-তে বিশ্ব-প্রকৃতির রূপ যেভাবে চিত্রিত হয়েছে, প্রাসঙ্গিক পত্র অবলম্বনে তার পরিচয় দিন। 15

(c) ''কৃষিলক্ষ্মী দেশের প্রতি সুপ্রসন্না'', তবু ''বঙ্গদেশের কৃষকের দুর্দশা'' ঘোচে না কেন? বঙ্কিমচন্দ্রের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে কারণগুলি বিশ্লেষণ করুন। 15

## SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্দ্ধসীমা *150*) : 10×5=50

(a) ''কতবার ভেবেছি, তুমি যে রক্তকরবীর আভরণ পরো, তার একটা কিছু মানে আছে।''

(b) ''কেন এই আসা আর যাওয়া,
কেন হারাবার লাগি এতখানি পাওয়া॥
জানি না, এ আজিকার মুছে-ফেলা ছবি
আবার নূতন রঙে আঁকিবে কি তুমি, শিল্পী কবি।''

(c) ''এই নবসাহিত্য রাজধর্ম ত্যাগ করে গণধর্ম অবলম্বন করছে।''

(d) ''হাল ভেঙে যে নাবিক হারায়েছে দিশা
সবুজ ঘাসের দেশ যখন সে চোখে দেখে দারুচিনি-দ্বীপের ভিতর,
তেমনি দেখেছি তারে অন্ধকারে, বলেছে সে, 'এতদিন কোথায় ছিলেন?'
পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।''

(e) ''মানুষের বাঁচতে হলে বিশ্বাস দরকার। ভগবানে বিশ্বাস। অদৃষ্টে বিশ্বাস। কাজে বিশ্বাস। মানুষে বিশ্বাস। বিপ্লবে বিশ্বাস। নিজের উপর বিশ্বাস ...।''

6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''এই আমার ধ্বজা, আমি ভেঙে ফেলি ওর দণ্ড, তুমি ছিঁড়ে ফেলো ওর কেতন। আমারই হাতের মধ্যে তোমার হাত এসে আমাকে মারুক, সম্পূর্ণ মারুক—তাতেই আমার মুক্তি।'' এই উক্তির আলোকে রাজা চরিত্রটি ব্যাখ্যা করুন। 20

(b) অচলা চরিত্রের দ্বন্দ্ব ও স্ববিরোধ 'গৃহদাহ' উপন্যাসের মূল উপজীব্য বিষয়। পাঠ্য উপন্যাস অবলম্বনে সেই দ্বন্দ্ব ও স্ববিরোধিতার স্বরূপ ব্যাখ্যা করুন। 15

(c) ''ভারতবর্ষের নাম শুনেছ? ভানুমতী মাথা নাড়িয়া জানাইল সে শোনে নাই। কখনো কোথায় যায় নাই চকমকিটোলা ছাড়িয়া। ভারতবর্ষ কোনদিকে?'' এই উদ্ধৃতির আলোকে ভানুমতী চরিত্রটি ব্যাখ্যা করুন। 15

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* “ ‘জাগরী’ উপন্যাসে রাজনীতি ও পরিবার একসূত্রে গাঁথা।” উপন্যাস অবলম্বনে মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করুন। 20

*(b)* “আমার কাব্যের ঋতুপরিবর্তন ঘটেছে বারে বারে। প্রায়ই সেটা ঘটে নিজের অলক্ষ্যে।” রবীন্দ্রকাব্যের পালাবদলের দিকচিহ্ন ‘নবজাতক’ কাব্যগ্রন্থে কীভাবে ফুটে উঠেছে তা লিখুন। 15

*(c)* “বই পড়ার অভ্যাসটা যে বদ অভ্যাস নয়, এ কথাটা সমাজকে এ যুগে মাঝে মাঝে স্মরণ করিয়ে দেওয়া আবশ্যক।” এই উদ্ধৃতির আলোকে ‘বইপড়া’ প্রসঙ্গে প্রমথ চৌধুরীর বক্তব্য বিশ্লেষণ করুন। 15

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* জীবনানন্দ দাশের পাঠ্য কবিতা অবলম্বনে কবির প্রেমচেতনার স্বরূপ নির্ণয় করুন। 15

*(b)* “ফ্রয়েডীয় মনোবিকলন তত্ত্ব মানিক বন্দ্যোপাধ্যায়কে বিশেষভাবে প্রভাবিত করেছিল।” পাঠ্য ছোটগল্প অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করুন। 20

*(c)* বাদল সরকারের ‘এবং ইন্দ্রজিৎ’ নাটক অবলম্বনে ‘লেখক’ চরিত্রটির স্বরূপ নির্ণয় করুন। 15

★ ★ ★

**PHKM–B-BNG**

# বাংলা

## প্রশ্নপত্র—II

(সাহিত্য)

| নির্ধারিত সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে সেটি পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

## PAPER—II

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ‘‘এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর॥’’

*(b)* ‘‘কুলিয়া গ্রামেতে প্রভুর শুনি আগমন;
কোটি কোটি লোক আসি কৈল দরশন।’’

*(c)* ‘‘বিসর্জ্জি প্রতিমা যেন দশমী দিবসে
সপ্ত দিবানিশি লঙ্কা কাঁদিলা বিষাদে।’’

*(d)* ‘‘আজি কালি বড় গোল শুনা যায় যে, আমাদের দেশের বড় শ্রীবৃদ্ধি হইতেছে। এত কাল আমাদিগের দেশ উৎসন্ন যাইতেছিল, এক্ষণে ইংরাজের শাসনকৌশলে আমরা সভ্য হইতেছি। সভ্য হইতেছি। আমাদের দেশের বড় মঙ্গল হইতেছে।’’

*(e)* ‘‘গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে,
দেখে যেন মনে হয়, চিনি উহারে।’’

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* বৈষ্ণব সাহিত্যে ‘অভিসার’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যপ্রতিভা বিচার করুন। 20

*(b)* ‘শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত’ গ্রন্থের ‘মধ্যলীলা’ অবলম্বনে ‘সাধ্য-সাধনতত্ত্ব’ বিষয়টি বুঝিয়ে দিন। 15

*(c)* কবি মুকুন্দের ‘কালকেতু’ আখ্যান অবলম্বনে কালকেতুর গুজরাট নগর পত্তনের গুরুত্ব ব্যাখ্যা করুন। 15

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* ‘‘চিত্রাঙ্গদা ও মন্দোদরী উভয়েই রাজমহিষী, উভয়েই পুত্র বিয়োগে কাতর; কিন্তু চারিত্রিক বৈশিষ্ট্যে দু’জনার মধ্যে যোজনব্যাপী ব্যবধান।’’ ‘মেঘনাদবধ কাব্য’ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করুন। 15

*(b)* বঙ্কিমচন্দ্রের ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে কপালকুণ্ডলা ও নবকুমারের সম্পর্কের স্বরূপ ব্যাখ্যা করুন। 20

*(c)* ‘সোনার তরী’ কাব্যগ্রন্থের মূল সুর সম্পর্কে আলোকপাত করুন। 15

**4.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* ‘‘এই চারিটি বৈষম্যের উপর আপাততঃ বঙ্গীয় সমাজের দৃষ্টি পড়িয়াছে।’’ বঙ্কিমচন্দ্রের ‘সাম্য’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বিশদ করুন। 15

*(b)* ভ্রাতুষ্পুত্রীর উদ্দেশ্যে লিখিত হলেও ‘ছিন্নপত্রাবলী’র পত্রগুলি স্বতন্ত্র সাহিত্যের মর্যাদা পেতে পারে। উদাহরণযোগে আলোচনা করুন। 20

*(c)* ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধটি অবলম্বনে ভারতবর্ষের শ্রমোপজীবীদের চিরদুর্দশার কারণ ও তার পরিণাম বিষয়ে আপনার অভিমত লিপিবদ্ধ করুন। 15

## SECTION—B

**5.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

*(a)* ‘‘... আমি প্রকাণ্ড মরুভূমি—তোমার মতো একটা ছোট্ট ঘাসের দিকে হাত বাড়িয়ে বলছি—আমি তপ্ত, আমি রিক্ত, আমি ক্লান্ত।’’

*(b)* ‘‘গাড়ি চলে,
নিমেষ বিরাম নাই আকাশের তলে।
ঘুমের ভিতরে থাকে অচেতনে
কোন্ দূর প্রভাতের প্রত্যাশা নিদ্রিত মনে।’’

*(c)* ‘‘এই সব জনহীন স্থান গভীর রাত্রে জ্যোৎস্নালোকে পরীদের বিচরণ-ভূমিতে পরিণত হয়, আমি এখানে অনধিকার-প্রবেশ করিয়া ভাল করি নাই।’’

*(d)* ‘‘তোমার কান্নার সুরে বেতের ফলের মতো তার ম্লান চোখ মনে আসে,
পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে যে চ'লে গেছে রূপ নিয়ে দূরে;’’

*(e)* ‘‘... পাথরের জেলগেটের উপরতলায় হঠাৎ
ঊষার আরক্তিম আলোর মধুর ঝলক লাগে।’’

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* ‘‘আমি তোমাকে বলছি রাজা, সেই পালের হাওয়া আনবে রঞ্জন। সে যেখানে যায় ছুটি সঙ্গে নিয়ে আসে।’’ নন্দিনীর এই উক্তির আলোকে রঞ্জন চরিত্রের স্বরূপ ব্যাখ্যা করুন। 15

*(b)* ‘নবজাতক’ কাব্যগ্রন্থে ইতিহাস চেতনার পাশাপাশি রবীন্দ্রনাথ যেভাবে সমসাময়িক জীবনের ছবি এঁকেছেন, পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দিন। 15

*(c)* ‘গৃহদাহ’ উপন্যাসের নামকরণ কতখানি সার্থক, বিচার করুন। 20

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

*(a)* প্রমথ চৌধুরীর ‘প্রবন্ধ সংগ্রহ’ গ্রন্থের ভূমিকায় অতুলচন্দ্র গুপ্ত এক জায়গায় লিখেছেন, ‘‘নানা কষ্টিপাথরের বিচারে প্রবন্ধগুলি বাংলা সাহিত্যের বড়ো সম্পদ’’।—কয়েকটি প্রবন্ধ অবলম্বনে বক্তব্যটি বিশ্লেষণ করুন। 15

*(b)* ‘‘আরণ্যক সেই কল্পনালোকের বিবরণ। ইহা ভ্রমণবৃত্তান্ত বা ডায়েরী নহে—উপন্যাস।’’ ‘আরণ্যক’ উপন্যাসের ভূমিকায় বিভূতিভূষণের লেখা এই কথাগুলির তাৎপর্য ব্যাখ্যা করুন। 15

*(c)* লেখকের রাজনৈতিক দর্শনও কীভাবে উৎকৃষ্ট সাহিত্য হতে পারে, মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হারাণের নাতজামাই’ ও ‘ছোট বকুলপুরের যাত্রী’ গল্প অবলম্বনে দেখান। 20

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) তাঁর 'শ্রেষ্ঠ কবিতা'য় সংকলিত 'রূপসী বাংলা'র কবিতাগুলি অবলম্বনে কবি জীবনানন্দ দাশের স্বদেশ প্রেমের পরিচয় দিন। 15

(b) 'জাগরী'কে কারা-উপন্যাস বলা যায় কিনা, বিচার করুন। 15

(c) বাদল সরকার রচিত 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি বাংলা নাটকের ধারায় কোন্ কোন্ দিক থেকে ব্যতিক্রমী তা বুঝিয়ে দিন। 20

★★★